भारत सरकार
GOVERNMENT OF INDIA
राष्ट्रीय पुस्तकालय, कलकत्ता ।
NATIONAL LIBRARY, CALCUTTA.

वर्ग संख्या
Class No. 182.Re
पुस्तक संख्या
Book No. 83.1
रा० पु०/ N. L. 38.

MGIPC—S4—9 LNL/66—13-12-66—1,50,000.

8 6

COLLEGE
OF
Fort William
18

61
27 JUL 1915
224
4.7.76

182. Rc. 83. 1. 13

# পারসীক অভিধান

182. Rc. 83. 1.

RARE BOOK

পারসীক শব্দস্থলে স্বদেশীয় সাধুশব্দ সংগ্রহ

শ্রীজয়গোপাল তর্কালঙ্কারকর্তৃক

সংগৃহীত

IMPERIAL LIBRARY.

NATIONAL LIBRARY
No. Imp. 4441
DATE 13/10/09
CALCUTTA

শ্রীরামপুরে মুদ্রিত হইল।

সন ১২৪৫ সাল।

College of Fort William

کتاب کالج فورٹ ولیم
किताब कालिज फ़ोर्ट विलियम
পুস্তক কালেজ ফোর্ট উলিয়ম

LJ 20

# ভূমিকা ।

এই ভারতবর্ষে প্রায় নয় শত বৎসর হইল যবন সঞ্চার হওয়াতে তৎসমভিব্যাহারে যাবনিক ভাষা অর্থাৎ পারসী ও আরবীভাষা এই পুণ্য ভূমিতে অধিষ্ঠান করিয়াছে অনন্তর ক্রমে যেমন যবনেরদের ভারতবর্ষাধিপত্য বৃদ্ধি হইতে লাগিল তেমন রাজকীয় ভাষা বোধে সর্ব্বত্র সমাদর হওয়াতে যাবনিক ভাষার উত্তরোত্তর এমত শ্রীবৃদ্ধি হইল যে অন্য সকল ভাষাকে পরাস্ত করিয়া আপনি বর্দ্ধিষ্ণু হইল এবং অনেক অনেক স্থানে বঙ্গভাষাকে দূর করিয়া স্বয়ং প্রভুত্ব করিতে লাগিল বিষয় কর্ম্মে বিশেষত বিচারস্থানে অন্য ভাষার সম্পর্কও রাখিল না তবে যে কোন স্থলে অন্য ভাষা দেখা যায় সে কেবল নাম মাত্র। সুতরাং আমারদের বঙ্গভাষার তাদৃশ সমাদর না থাকাতে এইক্ষণে অনেক সাধুভাষা লুপ্তপ্রায়া হইয়াছে এবং চিরদিন অনালোচনাতে বিস্মৃতিকূপে মগ্না হইয়াছে যদ্যপি তাহার উদ্ধার করা অতি দুঃসাধ্য তথাপি আমি বহুপরিশ্রমে ক্রমে ক্রমে শব্দ সঙ্কলন করিয়া সেই বিদেশীয় ভাষাস্থলে স্বদেশীয় সাধু ভাষা পুনঃ সংস্থাপন করিবার কারণ এই পারসীক অভিধান সংগ্রহ করিলাম।

ইহাতে বিজ্ঞ মহাশয়েরা বিশেষরূপে জানিতে পারিবেন যে স্বকীয় ভাষার মধ্যে কত বিদেশীয় ভাষা লুক্কায়িতা হইয়া চিরকাল বিহার করিতেছে এবং তাঁহারা আর বিদেশীয় ভাষার অপেক্ষা না করিয়াই কেবল স্বদেশীয় ভাষা দ্বারা লিখন পঠন ও কথোপকথনাদি ব্যবহার করিয়া আপ্যায়িত হইবেন এবং স্বকীয় বস্তু সত্ত্বে পরকীয় বস্তু ব্যব

হার করাতে যে লজ্জা ও গ্লানি তাহাহইতে মুক্ত হইতে পারিবেন এবং প্রধান ও অপ্রধান বিচারস্থলে বিদেশীয় ভাষা ও অক্ষর ব্যবহার না করিয়া স্বস্ব দেশ ভাষা ও অক্ষরেতেই বিচারীয় লিপ্যাদি করিতে সম্প্রতি যে রাজাজ্ঞা প্রকাশ হইয়াছে তাহাতেও সম্পূর্ণ উপকার প্রাপ্ত হইতে পারিবেন।

এই গ্রন্থে প্রায় পঞ্চশতাধিক দ্বিসহস্র চলিত শব্দ অকারাদি প্রত্যেক বর্ণক্রমে সূচী করিয়া বিন্যস্ত করাগিয়াছে ইহার মধ্যে পারসীক শব্দই অধিক কুচিৎ আরবীয় শব্দও আছে এবং উক্তোভয় ভাষাবিজ্ঞ ব্যক্তিরা ইহাও সুন্দররূপে জ্ঞাত আছেন যে অকারাদি বর্ণক্রমে সূচী করিয়া লিখিতে হইলে পারসীক ভাষার প্রত্যেক বর্ণের উচ্চারণগত ভেদোদ্ধারপূর্ব্বক বিন্যস্ত করা কদাচ হয় না যেহেতুক কোমল ও কঠিন ভেদে যথা ক্বাপ ও কাপ ও জিম ও জ়াল ও জ্বে ইত্যাদির সহিত বঙ্গভাষীয় কবর্ণ ও জবর্ণ প্রভৃতির অনেক বৈলক্ষণ্য থাকিলেও নিরুপায়তাপ্রযুক্ত তাহা স্বীকার করিতে হইল কিন্তু তজ্জন্য শব্দার্থের কোন হানি নাই কেননা সেইরূপ পূর্ব্বাপর ব্যবহার আছে সুতরাং উপস্থিত বিষয়ে দোষ নাই ইহা জানিবেন। আর এইগ্রন্থে যে স্থলে পারসীক শব্দের প্রকৃতার্থ বাচক গৌড়ীয় শব্দ অপ্রাপ্য হইয়াছে সেখানে বিশেষ এবং স্বনামখ্যাত পদ দ্বারা অর্থ লিখাগিয়াছে অতএব সেখানে অগত্যা পারসীক শব্দই ব্যবহার্য্য হইবেক যেমন (সিআ) (শুন্নি) যবনবিশেষ ইত্যাদি লিখাগিয়াছে হিন্দুর মধ্যে সিআ শুন্নির ব্যবহার না থাকাতে নামান্তর হয় নাই সুতরাং সেই নামই হিন্দুরদেরও ব্যবহার্য্য এই প্রকার অন্যত্রও জানিবেন। আর বর্গীয় ও অন্ত্যভেদে বকার দ্বিবিধ তন্মধ্যে অন্ত্য বকারের চিহ্ন পেটকাটা এবং তাহার উচ্চারণ ভিন্ন হইবেক যেমন ৰাজিবী এবং ৰাসীল ইত্যাদি স্থলে ওয়াজীবী এবং ওয়াসীল এই প্রকার উচ্চারণ হইবেক এই প্রকার সর্ব্বত্র জানিবেন ইতি।

## PREFACE TO THE PERSIAN AND BENGALEE VOCABULARY.

It is now nearly nine hundred years since the Moosulmans came to India; and with them came also into this sacred land, the Persian and the Arabic languages. As the dominions of the Mahomedans became extended, so the language of the conquerors became honourable, and these Moosulman languages acquired such a predominance, that it cast the other languages into the shade. In many places it expelled the Bengalee language, and obtained the complete ascendancy. In the transaction of business, and more especially in the Courts, no other language had any currency. If any other language existed, it was only in appearance. Of course, as our Bengalee language did not enjoy any great respect, much of the elegance of this tongue has been lost; and from want of use, the language itself has almost been forgotten. Though it may be difficult to restore it, yet I have collected together words with great labour, and have now published this Persian Vocabulary, with the intention of substituting elegant Bengalee words, in lieu of the Persian terms, which have been in use. The wise will thus be able to see how many foreign words have got themselves into the Bengalee language, and have made themselves manifest. They will be able now, without any reference to this foreign language, to enjoy the pleasure of employing in reading and writing only their own language; and they will be delivered from the shame which follows the appropriation

of another's property, while one is in possession of property of his own. Moreover, the public order which has recently been issued, that in the chief and subordinate tribunals, the languages and the character of the province shall be used instead of the Persian, which was formerly in vogue, will be greatly assisted by this compilation.

This work contains about two thousand five hundred current words, arranged in alphabetical order. The greater part of them are Persian, though some may be Arabic. And those who are well acquainted with both languages, know that where it is necessary to put the words down in alphabetical order, it is extremely difficult to put down the Persian words in their right places, according to their correct pronunciation; as the Bengalee alphabet does not supply letters for representing both the Persian letters *Kwaf* and *Kaf*, and *Jeem* and *Jal*. Though there is much difference between the Bengalee letters under which they have been placed, yet there was no remedy. But this does not affect the meaning of the words, for these Persian words have always been represented in Bengalee by these letters; and no censure can, therefore, attach to me. In this work, when it appeared difficult to obtain suitable Bengalee words for the Persian expressions to designate the thing, Persian words have been used. Thus *Seeah* and *Soonee*, *Juvun*, &c. are still retained, as the Hindoos have nothing like *Seeahs* and *Soonees* they have not the name; and the words are inserted without alteration. This rule will apply also to other words.

# পারসীক অভিধান।

| পারসী, | সাধুভাষা,। |
|---|---|
| । অ । | |
| অদুল | আজ্ঞা অবহেলন বা অবজ্ঞা |
| অন্দর | মধ্য, অন্তঃপুর |
| অবুর | পারহওন |
| অমরুত | পেয়ারা বিশেষ |
| অম্বারি | হস্তির পৃষ্ঠাসন |
| অম্মা | মাতৃ প্রভৃতি |
| অরক | ক্বাথ, রস, ঘর্ম্ম |
| অরগজা | দুবদুব্য, রস |
| অলকাব | পত্রের পাঠ, উপাধিবিশেষ |
| অসরাফ | বিশিষ্ট মনুষ্য |
| অসর | কাল, সময় |
| অহদ্ | প্রতিজ্ঞা, সময়, স্বীকার, অধিকার |
| অহদনামা | স্বীকারপত্র |
| । আ । | |
| আইন | ব্যবস্থা, বিধি, রীতি, নিয়ম |
| আইনা | দর্পণ, মুকুর, আদর্শ, আর্শী |
| আইনামহল | দর্পণমণ্ডিত গৃহ বা পুরী |
| আইয়াম | কাল, সময় |
| আইয়ামী | কালিক, সাময়িক |
| আইশ্ | সন্তোষ, সুখ, জীবন |

ক

| | |
|---|---|
| আউৱল | উত্তম, আদি, প্রথম |
| আউবাস | কামুক, ভ্রষ্ট, লম্পট, অধম |
| আএন্দা | ভবিষ্যৎ, পশ্চাৎ, আগামী |
| আএব | দোষ, খুঁৎ |
| আএবজো | দোষানুসন্ধায়ী, দোষগ্রাহক |
| আএবজোঈ | দোষানুসন্ধান করণ, |
| আওরঙ্গ | রাজাসন, সিংহাসন, রাজপাট |
| আওরৎ | স্ত্রীলোক, |
| আওল | উত্তম, আদি, প্রধান |
| আওলন | প্রথমতঃ, |
| আওলাৎ | স্থাবরধন, |
| আওলাদ | সন্তান, বংশ |
| আওলিয়া | সঙ্গী, সহবাসী, প্রধান, আদরণীয় |
| আকবৎ | পরকাল,শেষ,সমাপ্তি. সিদ্ধান্ত,পশ্চাঃ |
| আকবর | অতিমান্য, সম্রাট্ বিশেষ |
| আকবরি মোহর | আকবর সম্রাটের চিহ্ন স্বর্ণমুদ্রা |
| আকল | জ্ঞান, বোধ, বুদ্ধি |
| আকলমন্দ | জ্ঞানবান্, বুদ্ধিমান্, বিচক্ষণ |
| আকিক্ | ঈষৎ রক্তবর্ণ প্রস্তর |
| আকবৎ | পশ্চাৎ, পরকাল |
| আকেল | জ্ঞানী, বুদ্ধিমান্, বিচক্ষণ |
| আকসর | অধিক, সর্ব্বদা |
| আখুন্দ | শিক্ষক, শিক্ষাদাতা |
| আখেজ | বিবাদ, কলহ, বিরোধ |
| আখের | পরিসীমা, সমাপ্তি, অন্ত, শেষ |
| আখেরী | সমাপ্তিসম্বন্ধি, |
| আখ্তা | ছিন্নমুষ্ক অশ্বাদি |
| আখবার | সংবাদসমূহ, বৃত্তান্তজাত |
| আজগয়বী | হঠাৎ, সহসা, অকস্মাৎ, দৈবাৎ |
| আজনাস | দ্রব্যাদি |
| আজব | অদ্ভুত, আশ্চর্য্য |

| | |
|---|---|
| আজবতামাশা | রহস্য, আশ্চর্য্য, কৌতুক, অদ্ভুতদর্শন |
| আজমত | মর্য্যাদা, মান্যতা, শ্রেষ্ঠতা |
| আজমায়েশ | আলোচনা, পরীক্ষা, বিবেচনা, বিচার |
| আঁজা | সেখানে, ওখানে |
| আজা | মহম্মদীয় আরাধনার ধ্বনি |
| আজাদ | সর্ব্বত্যাগী, স্বাধীন |
| আজাদী | স্বাধীনতা, উদ্ধার, মুক্তি, ত্রাণ |
| আজাব | দণ্ড, শাস্তি, দোষ, পাপ |
| আজার | ব্যাধি, অস্বাস্থ্য, ক্লেশ |
| আজারমন্দ | রোগগ্রস্ত, পীড়িত, অসুস্থ |
| আজিজ | শ্রেষ্ঠ, প্রিয়, হৃদ্য, দয়িত |
| আজিম | মান্য, পূজ্য, আদরণীয়, আঢ্য |
| আজুরদার | দাস, ভৃত্য, বৈতনিক |
| আজুরা | ভাটক, মূল্য, ভাড়া |
| আজেজ | অক্ষম, দরিদ্র, নির্ধন |
| আঞ্জাম | সম্পূর্ণ, শেষ, বিবেচনা, অকস্মাৎ, আপৎ, কর্ম্মনির্ব্বাহ, খেদ, জ্বালা, উৎকণ্ঠা |
| আঞ্জীর | ডুম্বর বিশেষ |
| আতর | সুগন্ধিদ্রব্য, চন্দনাদির ক্বাথ |
| আতিলস | উত্তম, পট্টবস্ত্র |
| আতেশ | অগ্নি |
| আতেশবাজী | অগ্নিক্রীড়া |
| আতেশী চশমা | জ্বলন কাচ, দহন কাচ, উত্তাপযুক্ত দিব্য চক্ষু উপনেত্র |
| আদৎ | স্বভাব, রীতি, সংস্কার, আচরণ, পরিচ্ছদ |
| আদদ | সংখ্যা, গণিত, গণনা |
| আদব | সম্মান, রীতি, শিক্ষা, উপদেশ, আজ্ঞা |
| আদম | মানবীয়, মানুষিক, যবনীয় আদি পুরুষ |

| | |
|---|---|
| আদমী | মনুষ্য |
| আদল | বিচার |
| আদায় | প্রাপ্তি, ঋণোদ্ধার |
| আদায়েদৈন | ঋণপরিশোধ |
| আদালৎ | বিচার, বিচারস্থান, অধিকরণ |
| আদাৰৎ | শত্রুতা, মন্দেচ্ছা, ঈর্ষা, কলহ |
| আদিল | ধার্ম্মিক, যাথার্থিক, পুণ্যাত্মা, বিচারকর্ত্তা |
| আনার | দাড়িম্ব |
| আন্দাজ | প্রায়, অনুমান্, জাতি, অভিপ্রায় |
| আন্দাজী | আনুমানিক |
| আন্দেশা | সন্দেহ, চিন্তা, মানসী ব্যথা, ভয় |
| আফ্জুদ্ | অধিক, অসাধারণ, বৃদ্ধি |
| আফৎ | আপদ্ |
| আফশাঁ | প্রোক্ষণ, ছিটান, ছিন্নভিন্নকরণ, ঝাড়ন |
| আফসোস | খেদ, শোক, মনস্তাপ |
| আফুৰাহ্ | মৌখিক, সন্দিগ্ধ সংবাদ, জনশ্রুতি |
| আব | জল |
| আবকার | জলবাহক, মদ্যাদিকারী, শৌণ্ডিক, শুঁড়ি |
| আবকারী | শৌণ্ডিকাদির কর্ম্ম, ব্যবসায় |
| আবখানা | পানীয় গৃহ, জলের ঘর |
| আবখোরা | জলপানপাত্র বিশেষ |
| আবতর | অতিমন্দ, পামর, নীচ |
| আবতরী | মন্দতা, জঘন্যতা, অপকৃষ্টতা |
| আবদার | জলশীতলকর্ত্তা |
| আবদারী | জল শীতলকর্ত্তৃত্ব |
| আবনা | মূল, জড়, আদি |
| আবরক | গুপ্ত, আচ্ছাদক |
| আবরা | দ্বিখণ্ডবস্ত্রের নীচের খণ্ড |

| | |
|---|---|
| আবরু | প্রতিষ্ঠা, খ্যাতি, মর্য্যাদা, মান, সম্ভ্রম, ভ্র |
| আবরুদার | প্রতিষ্ঠিত, মানী, মর্য্যাদাপন্ন |
| আব্লুস | শ্যামবর্ণ কাষ্ঠ |
| আবাদ | পরিপূর্ণ, কৃষিকর্ম্ম |
| আবাদি | কৃষিযোগ্য |
| আমদ | আয়, আগমন |
| আমদশোদ | গমনাগমন |
| আমদানী | আয়, আগমন |
| আমদরপ্ত | গমনাগমন, যাতায়াত |
| আমদা | যথেষ্ট, প্রচুর |
| আমদানীরপ্তানী | গমনাগমন, যাতায়াত |
| আমবাল | দ্রব্যাদি, ধনাদি |
| আমল | অধিকার, প্রদেশ, পল্লী, বশ্য |
| আমলদার | অধিকারী, কতিপয় সৈন্যাধ্যক্ষ |
| অমলদারি | অধিকারিত্ব |
| আমলা | অমাত্য, মন্ত্রিপ্রভৃতি কর্ম্মকারী কর্ম্মসম্পাদক |
| আমলাফিয়ালা | তথা |
| আমানৎ | গচ্ছিত, নিক্ষিপ্ত, ন্যস্ত |
| আমিন | ধর্ম্মিষ্ঠ, প্রধান ধর্ম্মাধ্যক্ষ |
| আমিনী | তদীয় কর্ম্ম |
| আমিল | রাজ্যের প্রধান অধ্যক্ষ |
| আমীর | উচ্চপদস্থ ব্যক্তি, আজ্ঞাদায়ক, প্রধান |
| আমীরলওমরা | অত্যন্ত প্রধান |
| আমীরাণা | প্রাধান্য, প্রধানের কর্ম্ম, মহৈশ্বর্য্য শালিত্ব |
| আমীরী | তথা |
| আমেজ | মিশ্রিত, সংযুক্ত |
| আয়মা | অল্পরাজস্ব ভূমি |
| আয়মাখোর | অল্পরাজস্বভূমিভোগী |
| আয়মাদার | অল্পরাজস্ব ভূম্যধিকারী |

| | |
|---|---|
| আয়মাদারি | অল্পরাজস্ব ভূম্যধিকারিতা |
| আরক | ক্বাথ, রস, ঘর্ম্ম |
| আরগজা | দ্রবদ্রব্য, রস |
| আরজ | বিজ্ঞাপন, আবেদন, নিবেদন |
| আরজদাস্ত | ভাষা, নিবেদনপত্র, |
| আরজবেগ | আবেদনপত্র বা ভাষাপত্র |
| আরজবেগী | আবেদন পত্রাদিরক্ষক |
| আরজাঁ | সুমূল্য, অল্পমূল্য, শস্তা |
| আরজী | বিজ্ঞাপনপত্র, আবেদনপত্র, ভাষাপত্র, প্রতিজ্ঞাপত্র |
| আরদলী | যানের অগ্রগন্তা সমভিব্যাহৃত ব্যক্তি |
| আরব | দেশ বিশেষ |
| আরবী | আরব দেশীয় |
| আরিন্দা | পত্রাদিবাহক, ধাবক, ধাউড়ে |
| আলখালক | অঙ্গরক্ষকবিশেষ, তনুত্র |
| আলবত্তা | নিশ্চয়, নিতান্ত, অবশ্য |
| আলম | জগৎ, সংসার |
| আলাহেদা | স্বতন্ত্র, ভিন্ন |
| আলুফা | বিনামূল্যে প্রাপ্তি, বেতনবিশেষ, উপকার, উপার্জন, উপস্বত্ব |
| আলুফাদার | কর্ম্মশূন্যপদধারী |
| আলুফাদারী | কর্ম্মশূন্যপদধারিতা |
| আলুবখারা | ক্ষুদ্র আলুর ন্যায়, ঔষধিবিশেষ |
| আলেম | ব্যুৎপন্ন, বিচক্ষণ, পণ্ডিত |
| আশক | প্রিয়তম, অনুরাগী, প্রণয়ী, আসক্ত |
| আশনা | বন্ধু, বিজ্ঞ, নিপুণ, সন্তরণকারী |
| আশনাই | সৌহৃদ্য, প্রণয়, সভ্য, সদ্ভাব, সন্তরণ |
| আশরফী | স্বর্ণ মুদ্রা |
| আশিক | প্রিয়তম, অনুরাগী, প্রণয়ী, আসক্ত |
| আশকারা | প্রকাশ, রাষ্ট্র |
| আসবাব | সামগ্রী, হেতু বস্তুপ্রভৃতি |

| | |
|---|---|
| আসমান | আকাশ, ব্যোম, গগণ |
| আসমানীরং | আকাশবর্ণ, নীলবর্ণ |
| আসর | চিহ্ন, লক্ষণ |
| আসল | মূল, যথার্থ |
| আসলচোব | ঔষধিবিশেষ |
| আসৱার | অশ্বারূঢ়, অশ্ব |
| আসৱারী | অশ্বারোহণ বিদ্যা |
| আসা | দণ্ড, যষ্টি, লগুড় |
| আসান | সুগম, অনায়াস, সারল্য, বিশ্রাম, সহজ |
| আসানী | অনায়াস, বিশ্রাম |
| আসাবরদার | গদাবাহক, দণ্ডধারক |
| আসাবরদারী | দণ্ডধারকের কর্ম্ম |
| আসামী | প্রতিবাদী, প্রত্যর্থী |
| আসালতন | স্বয়ং রূপে |
| আসূদা | সংপূর্ণ, পরিপূর্ণ, তৃপ্তি |
| আস্তীন | অঙ্গরক্ষকের হাতা |
| আহ্মক | মূর্খ, অজ্ঞান, অবোধ |
| আহেস্তা | ধীরেং অল্পে |
| আহ্বাল | দশা, অবস্থা |

। ই ।

| | |
|---|---|
| ইখ্তিয়ার | অধীন, বশ, বশীভূত |
| ইখ্লাসী | প্রণয়, মিত্রতা |
| ইজা | পূর্ব্বপৃষ্ঠাঙ্কের পরপৃষ্ঠাঙ্কের সহিত মিলন, অকপটআরাধনা |
| ইজাদ | নির্ম্মাণ করণ |
| ইজাফা | বৃদ্ধিকরণ, সংযোগ |
| ইজার | অন্তরীয়, অধোবস্ত্র, পাদাবরকবস্ত্র |
| ইজারবন্দ | অন্তরীয়বস্ত্রের বন্ধন, পাদাবরকবস্ত্রের বন্ধন |

| | |
|---|---|
| ইজারা | কটকিনা |
| ইজারাদার | কটকিনাকারী |
| ইজারাদারি | কটকিনাকারির কর্ম্ম |
| ইজারী | বস্ত্রবিশেষ |
| ইত্তিফাক | পরামর্শ, তুল্যতা, বন্ধুত্ব, ঘটনা |
| ইন্তিজার | আশায়, অপেক্ষায় |
| ইন্তিজারী | আশা, প্রত্যাশা, ভরোসা |
| ইন্তিহা | শেষ, সীমা |
| ইন্তেজাম | রীতিমতনিরূপণ করণ, রীতিমত স্থাপন, বিলিকরণ |
| ইনফিসাল | নিষ্পত্তি, পরিষ্কার, সামাধা, মিটান |
| ইনসাফ | বিচার |
| ইবতেদা | আরম্ভকরণ |
| ইম্তেহাম | পরীক্ষা |
| ইম্তেহামী | পরীক্ষিত |
| ইমলা | বর্ণলিপিজ্ঞান |
| ইয়াতবার | বিশ্বাস, প্রত্যয় |
| ইয়াতবারী | বিশ্বস্ত, প্রত্যয়িত |
| ইরশাল | প্রেরণ |
| ইরাদা | বাঞ্ছা, ইচ্ছা, মনস্থ, কল্প |
| ইল্লৎ | কারণ, হেতু, নিমিত্ত |
| ইশারা | ইঙ্গিত, সঙ্কেত |
| ইশ্তিহার | ঘোষণা, সংবাদ দেওন প্রকাশ করণ |
| ইশ্তিহারনামা | ঘোষণাপত্র |
| ইশ্তিহারী | প্রসিদ্ধ, খ্যাত |
| ইস্তিআমাল | অভ্যাস, ব্যবহার |
| ইস্তিমরারী | সর্ব্বদা, অভ্যাস, স্থিরনিয়ম, চিরস্থায় |
| ইস্তিয়াফা | উপেক্ষা, ত্যাগ, বর্জন |
| ইসফগুল | ফলবিশেষ |
| ইসম | নাম, উপাধি, পদবী |

| | |
|---|---|
| ইসমনবীস | নামলেখক |
| ইসমনবীসী | নামলেখকত্ব |

। ঈ ।

| | |
|---|---|
| ঈজাদ | নির্ম্মাণ |
| ঈদ | যাবনিক পর্ব্ব |
| ঈমান | ধর্ম্ম, হিতাহিতজ্ঞান- প্রত্যয় |
| ঈমানদার | ধার্ম্মিক, বিশ্বাসী |
| ঈমানদারি | ধার্ম্মিকতা, বিশ্বাসিতা |

। উ ।

| | |
|---|---|
| উকালতন | প্রতিনিধিদ্বারা |
| উকালৎ | প্রতিনিধিত্ব |
| উকালৎনামা | প্রতিনিধিসূচক পত্র, প্রতিনিধিপত্র |
| উকীল | প্রতিনিধি, কর্ম্মকর্ত্তা, বাদী বা প্রতিবাদীকর্তৃক নিযুক্ত, নিয়োগকৃৎ |
| উকীলী | প্রতিনিধিত্ব, কর্ম্মকর্তৃত্ব |
| উজবক | পাঠানেরপদবী, জাতিবিশেষ |
| উজীর | মন্ত্রী, ধীসচিব, রাজপরামর্শদায়ী |
| উম্মী | মূর্খ, অবোধ, আগন্তুক, অনাথ বালক |
| উম্মেদ | আশা, প্রত্যাশা, বাঞ্ছা |
| উম্মেদবার | আশাধারী, প্রার্থনাকারী |
| উম্মেদবারী | আশাধারিত্ব, কর্ম্মপ্রার্থনা |

। ঊ ।

| | |
|---|---|
| ঊর্দু | রাজসৈন্য |
| উর্দুজবান | সৈন্যেরভাষা, পারসীমিশ্রিত হিন্দী কথা |
| ঊর্দুবাজার | সৈন্যসহচর, পণ্যবীথিকা |

। এ।

| | |
|---|---|
| একতরফা | একপক্ষে |
| একবাল | একপ্রভূর অধীনে মিলিত বহুজন, অদৃষ্ট। |
| একরাম | সম্মান, মর্য্যাদা, ধর্ম্মতোভার, নির্ব্বন্ধ |
| একরার | প্রতিজ্ঞা, স্বীকার |
| একরারনামা | প্রতিজ্ঞাপত্র, স্বীকারপত্র |
| একিদা | প্রত্যয়, নিষ্ঠা |
| একীন | নিশ্চয়, অদ্বৈধভাব |
| এখ্তিয়ার | ক্ষমতা, যোগ্যতা, ইচ্ছা |
| এখ্তিয়ারী | অধীনতা, স্বয়ং |
| এগানা | অত্মীয়বর্গ, সম্বন্ধি |
| এগান্‌গী | আত্মীয়তা, সম্বন্ধিতা |
| এজহার | বিজ্ঞাপন, প্রকাশ করণ, উক্তি, কটূক্তি |
| এজাজত | অনুমতি, অনুজ্ঞা |
| এজাফৎ | স্বরবর্ণ বিশেষ |
| এতবার | বিশ্বাস, রবিবার |
| এতবারী | বিশ্বস্ত, প্রত্যয়িত |
| এতমাম | সংপূর্ণ করণ, কটকিনা |
| এতমামদার | কটকিনাকারী, কর্ম্মচারী |
| এতমামদারী | কটকিনাকারির কর্ম্ম বা ভাব |
| এত্তফাক | মনস্থ, বিবেচনা, ঐক্য |
| এত্তেলা | বিজ্ঞাপন, জ্ঞাপন, জানান |
| এত্তেলাএয়ালাম | সংবাদ |
| এত্তেলানামা | বিজ্ঞাপনপত্র |
| এনাম | পারিতোষিক |
| এনামওএক্রাম | সম্মানযুক্ত প্রসাদ |
| এন্তেকাল | হস্তান্তর |
| এন্‌ফেসাল | নিষ্পত্তি, মিটান, সমাপান |
| এবন্‌ | পুত্র |

| | |
|---|---|
| এবারৎ | পাঠ, উত্তমঅভিপ্রায়, উত্তমগদ্য রচনা |
| এমারৎ | ইষ্টকনির্ম্মিতগৃহ, ইষ্টকা গৃহ |
| এমারতী | ইষ্টক নির্ম্মাণ কর্ম্ম, ইষ্টক নির্ম্মাণ কর্ম্ম সম্বন্ধি |
| এয়ালাম | সংবাদ, সমাচার, যাহাতে রাজাজ্ঞা থাকে |
| এরাক | ইরাক দেশের একভাগ |
| এরাকী | ইরাক দেশ সম্বন্ধী |
| এরাদা | ইচ্ছা, বাসনা, মানস |
| এলাকা | সম্পর্ক, সম্বন্ধ, |
| এলাকাদার | সম্পর্কশালী, সম্বন্ধীয় |
| এলাজ | ওষধি, চিকিৎসা |
| এলাহী | ঈশ্বর সম্বন্ধীয়, ঈশ্বর সম্বোধন |
| এলাহীয়ত | ঈশ্বরত্ব, |
| এলেবাস | পরিচ্ছদ বস্ত্রাদি |
| এলেম | বিদ্যা, গুণ, জ্ঞান |
| এবজ | প্রতিনিধি |
| এবজমআউজ | পরিবর্ত্ত |
| এবজী | পরিবর্ত্তলব্ধ |
| এস্তেফেসার | জিজ্ঞাসা, প্রশ্ন |
| এহতিআজ | আবশ্যক, প্রয়োজনীয় |
| এহতিরাজ | ভয়, রিপুশাসন |
| এহসান | উপকার, প্রত্যুপকার |
| এহসানী | দাতৃত্ব, উপকারিতা |

। ঐ ।

| | |
|---|---|
| ঐয়াম | কাল, সময় |
| ঐরাণ | অরণ্য, বন, কানন |

। ও।

| | |
|---|---|
| ওআদা | স্বীকার কাল, স্বীকার, প্রতিজ্ঞা |
| ওকর | উত্তমতা, প্রভুত্ব |
| ওকালতন | প্রতিনিধিদ্বারা |
| ওকালৎ | প্রতিনিধিত্ব, প্রতিনিধির কর্ম্ম |
| ওকালৎনামা | প্রতিনিধি করণপত্র |
| ওকালতী | প্রতিনিধির কর্ম্ম, প্রতিনিধিত্ব |
| ওগয়রহ | আদি, প্রভৃতি, ইত্যাদি |
| ওজন | তৌল করণ, তৌলন |
| ওজনদার | তৌলকারী |
| ওজর | ছল, ক্ষমা, মার্জনা |
| ওজারৎ | মন্ত্রিত্ব, ধীসচিবত্ব, মন্ত্রির কর্ম্ম |
| ওতন | বসতি স্থান, বাটী, জন্মভূমি |
| ওমর | বয়ঃক্রম |
| ওয়াজবলআরজ | উচিত নিবেদন |
| ওআপস | পুনঃ প্রাপ্তি, ফিরিয়া পাওয়া |
| ওয়ারিস | উত্তরাধিকারী |
| ওরক | পুস্তকের কোন এক পত্র, দল |
| ওরফে | পরিচয়, খ্যাত |
| ওরেব | পৃথিবীর একভাগহইতে অন্য ভাগে গমন |
| ওশাক | পারসীয় স্বরমিলন |
| ওসবাস | সন্দেহ, সংশয় |
| ওসবাসী | সন্দিগ্ধ, সংশয়িত |
| ওস্তখদূস | ঔষধির গন্ধদ্রব্যবিশেষ |
| ওস্তাদ | গুরু, শিক্ষক, উপদেশক, পণ্ডিত |
| ওস্তাদী | গুরুত্ব, শিক্ষকতা, পাণ্ডিত্য |

। ক।

| | |
|---|---|
| কএদ | বন্ধকরণ, প্রতিষেধ, রাজাজ্ঞায় অবরোধ |

| | |
|---|---|
| কএদখানা | কারাগার, প্রতিষেধস্থান |
| কএদী | কারাবদ্ধ |
| ক্এফ | মত্ততা |
| কএফী | মত্ত |
| কতল | হত্যা, হনন, মারণ |
| কতার | শ্রেণী, সারী, পশুবন্ধন রজ্জু |
| কদর | মর্য্যাদা, মূল্য, অদৃষ্ট |
| কদরদান | কোন বস্তুর বা ব্যক্তির মর্য্যাদাজ্ঞ, মর্য্যাদক |
| কদীম | পুরাতন, প্রাচীন |
| কদু | তুম্বী, অলাবু |
| কদুয়া | তথা |
| কনীজক | দিব্যস্ত্রী, উত্তমস্ত্রী |
| কফন | চিতাবস্ত্র, মৃতাচ্ছাদনবস্ত্র |
| কফিনা | বৃহৎশকট, ভ্রমণকারি দল |
| কফ্নী | যবনেরদের গলবস্ত্রবিশেষ |
| কবজ | হস্তগত, অধিকার, অধীন |
| কবর | মৃতব্যক্তির মৃত্তিকাতে খনন |
| কবরকন | মৃতব্যক্তির গর্ত্তখননকারী |
| কবরগাহ্ | মৃতব্যক্তির খননস্থান |
| কবূলিয়ৎ | করস্বীকারপত্র |
| কবাইদ | শ্রেণীবন্ধরূপে যোদ্ধারদেব পাদবিক্ষেপাদি |
| কবাব | লৌহশলাকাদ্বারা ভাজামাংস |
| কবীলা | পরিবার, পত্নী, |
| কবূল | স্বীকার, অঙ্গীকার, |
| কম | ন্যূন, অল্প, |
| কমর | কটিদেশ |
| কমরবন্দ | কটিদেশের বস্ত্র, কটির বন্ধন |
| কমী | ন্যূন করণ, |
| কমান | তথা |

| | |
|---|---|
| কমীনা | নীচ, পামর, জঘন্য |
| কমীনী | নীচত্ব, পামরতা |
| কম্‌কীমৎ | অল্পমূল্য |
| কমকুঅৎ | দুর্ব্বল |
| কমজাত | নীচজাত |
| কমজোর | হীনবল |
| কমজোরী | দৌর্ব্বল্য |
| কমপোশ্ত | অশক্ত, অদৃঢ় |
| কমজরফ | অল্পবুদ্ধিমান্‌ |
| কমফহ্‌ম | অজ্ঞান, অমনোযোগী |
| কমফহ্‌মী | অজ্ঞানতা, অমনোযোগ |
| কমমায়া | অল্পবুদ্ধিমান্‌ |
| কমবখ্‌ৎ | ভাগ্যহীন, দুঃখী |
| কমবখতী | ভাগ্যহীনতা |
| কমবেশ | ন্যূনাধিক |
| কয়াল | ধান্যাদি তৌলকর্ত্তা |
| কয়ালী | ধান্যাদি তৌলের শুল্ক, তৌলকর্তৃত্ব |
| করম | দান |
| করার | দৃঢ়কল্প, ধৈর্য্য |
| করীম | দাতা, ব্যয়শীল, সাধু |
| কর্জ | ঋণ, ধার |
| কর্জআদায় | ঋণগ্রহণ, ঋণপ্রাপ্তি প্রযুক্ত ধনের গ্রহণ, ঋণ দেওয়া ধন প্রাপ্ত হওয়া |
| কর্জদাদন | ঋণপ্রয়োগ |
| কর্জদার | ঋণগ্রস্ত, ঋণী |
| কর্জা | ঋণসম্বন্ধি ধন |
| কর্জী | ঋণী, ধারী |
| কলম | লেখনী, কাষ্ঠবিশেষ |
| কলমজারী | কার্য্যনিযুক্ত |
| কলমতরাশ | কলম কাটিবার ছুরিকা |
| কলমদান | লেখন্যাধার |

| | |
|---|---|
| কলমী | জলীয়শাক, স্বনামখ্যাত |
| কলাম | ঈশ্বরারাধনা, বাক্য |
| কসম্ | দিব্য, শপথ |
| কসমকশ্ | দুঃখ, টানাটানি |
| কসব্ | বাণিজ্যব্যবসায়, নিশ্চিত কথন |
| কসবী | ব্যবসায়ী, বেশ্যা |
| কসবীবাজ | বেশ্যাসক্ত, লম্পট |
| কসবীবাজী | বেশ্যাসক্ততা |
| কসায়ী | মাংসবিক্রেতা |
| কসালা | দুঃখ, ক্লেশ |
| কসূর | অপরাধ, ত্রুটি |
| কস্ত | ইচ্ছা, অভ্যাস |
| কস্দ | ন্যূনমূল্য, তথা |
| কস্রৎ | পরিশ্রম, বৃদ্ধি |
| কস্লৎ | অভ্যাস |
| কহর | কঠিনতা, রাগ, বিচার, শক্তিপ্রবলতা |
| কাএদা | ব্যাকরণবিধি, ব্যবস্থা, অধীনতা |
| কাএম | স্থির, নির্ম্মাণ |
| কাএমী | স্থিরতা |
| কাগজ | লিপিপাত্র, পত্র |
| কাছারি | রাজকর্ম্ম স্থান |
| কাজিয়া | বিরোধ |
| কাজী | বিচারকর্ত্তা, ব্যবস্থাপক |
| কাতার | শ্রেণী, সারি |
| কাতীব | লেখক |
| কাতেল | হত্যাকারী, হন্তা |
| কাদের | পারক, শক্তিমান্ |
| কানারী | তীর, কূল, একদেশ, কক্ষা, বগল |
| কানুন | রাজনীতি, ব্যবস্থা |
| কানুনগো | রাজনীতিজ্ঞ |
| কাফী | লাভজনক, নিশ্চয় লাভদায়ক |

| | |
|---|---|
| কাফের | ধর্ম্মবিরোধী, অধার্ম্মিক, নাস্তিক |
| কাবাইদ | যুদ্ধশিক্ষারীতি, ব্যাকরণশিক্ষারীতি। |
| কাবাজ | তথা |
| কাবাব | শূল্য, লৌহশলাকাদ্বারা ভাজা মাংস |
| কাবাবচিনি | স্বনামখ্যাত বস্তু |
| কাবীল | পারদর্শী, জ্ঞানবান, যোগ্য |
| কাবু | লগ্ন, জো, সময় |
| কারকোন | রাজকীয় কর্ম্মাধ্যক্ষ |
| কারখানা | কর্ম্মস্থান |
| কারপরদাজ | কর্ম্মনির্ব্বাহক, কর্ম্মকারক |
| কারবান | পথিকবর্গ |
| কারবার | বাণিজ্যব্যবসায় |
| কারবারী | বাণিজ্যব্যবসায়ী |
| কারবালা | হসনও হোসেনের মৃত্যুস্থান |
| কারাবা | কাচপাত্র, দ্রুব্যদ্রুব্যের আধার |
| কারোবার | বাণিজ্য |
| কালেমা | ঈশ্বরারাধনা বাক্য |
| কাসেদ | ইচ্ছুক, ধাবক, ধাউড়ে |
| কাহিল | ক্ষীণ, পীড়িত, রুগ্ন |
| কাহিলী | ক্ষীণতা |
| কিংখাব | স্বর্ণ বা রৌপ্যঘটিত বস্ত্র |
| কিতা | অংশ, খণ্ড |
| কিতাকিতা | ভাগভাগ, খণ্ডখণ্ড |
| কিতাব | পুস্তক |
| কিতাবৎ | বিষয় কর্ম্মের লিখা পড়া বিদ্যা |
| কিতাবতীয়া | বৈষয়িক লিখনবেত্তা |
| কিফায়েৎ | লাভ |
| কিমখু | চর্ম্মবিশেষ |
| কিমা | মাংসখণ্ড |
| কিমীয়া | বিদ্যাবিশেষ, তাম্রকে স্বর্ণবর্ণ করণ |

| | |
|---|---|
| কিমীয়াগর | তাম্রকে স্বর্ণকারী ব্যক্তি |
| কিমীয়াগরী | তাম্রকে স্বর্ণকারিত্ব |
| কিম্মৎ | মূল্য |
| কির্ম্মিচ্ছী | রক্তবর্ণ |
| কিল্লা | দুর্গ, গড় |
| কিল্লাদার | দুর্গাধ্যক্ষ |
| কিল্লাদারী | দুর্গাধ্যক্ষত্ব |
| কিশ্‌তী | নৌকা |
| কিশ্‌মিশ্‌ | দ্রাক্ষাফলবিশেষ |
| কিশাবৎ | মনের কাঠিন্য |
| কিস্ত | পদাভিষেক |
| কিস্তিবন্দী | ঋণপরিশোধাদির নিয়মবিশেষ |
| কিস্তিমাফিক | ঋণপরিশোধের নিয়মানুসারে |
| কিস্‌মৎ | ভাগ্য, অদৃষ্ট, অংশ |
| কিস্সা | ইতিহাস, পূর্ব্ববৃত্তান্ত |
| কিস্সাগো | ইতিহাসবক্তা |
| কীম্মক | চর্ম্ম বিশেষ |
| কীম্মৎ | মূল্য |
| কুঅৎ | পারকতা, শক্তি |
| কুতুব | পুস্তক, গ্রন্থবিশেষ |
| কুতুবখানা | পুস্তকালয় |
| কুদরৎ | ক্ষমতা, শক্তি |
| কুদরৎৱালা | শক্তিমান্ পারগ |
| কুদরতী | তথা দৈবী |
| কুমক | সাহায্য, আনুকূল্য |
| কুলুখ | ঢেলা, লোষ্ট |
| কুশাদা | বিস্তার, খোলা |
| কেতা | ভূমির অংশ বা ভাগ |
| কেয়াস | অনুমান |
| কৈফী | মত্ত |
| কৈফীয়ৎ | বৃত্তান্ত, নিগূঢ়, সন্দেহ |

| | |
|---|---|
| কোতা | খর্ব্ব, ন্যূন |
| কোতাহী | দরিদ্রতা, উপেক্ষা, ত্রুটি, ন্যূনতা |
| কোমরবন্দ | কটিবন্ধনবস্ত্র |
| কোমরবন্দপটুকা | তথা |
| কোমরী | পক্ষিবিশেষ, কটিবস্ত্র, কোমল |
| কোরক | প্রতিবন্ধকরণ, আটক |
| কোরকদার | প্রতিবন্ধকর্ত্তা, বাধক |
| কোরকদারী | প্রতিবন্ধকত্ব, বাধকত্ব |
| কোরকী | প্রতিবধ্য দ্রব্য |
| কৌল | বচন, স্বীকার, সংকল্প |

। খ।

| | |
|---|---|
| খত | লেখ্য, পত্র, ঋণপত্র, শাসন |
| খতনা | যবনের সংস্কারবিশেষ অর্থাৎ মেঢ্রা গ্রচ্ছেদ |
| খতম | শেষ, সমাপ্তি |
| খতমা | পরিশেষ |
| খতমী | ঔষধিবিশেষ |
| খতর | স্মরণ, আপদ, ভয় |
| খতরা | ক্ষতি, হানি |
| খতুর | নষ্ট, আগন্তুক |
| খন্দক | প্রণালী, খাত |
| খফা | ক্রোধী, ক্রুদ্ধ |
| খফীপ | ঘৃণা, তুচ্ছ, হেয়জ্ঞান |
| খফ্‌গী | রাগ, ক্রোধকরণ |
| খবর | সংবাদ, সমাচার |
| খবরগীর | সংবাদবাহক, রক্ষক |
| খবরগীরী | সাবধানতা |
| খবরদার | সাবধান |
| খবরদারী | সাবধানতা |
| খবীস | খল, দুষ্ট, কুৎসিত, মন্দ |

| | |
|---|---|
| খম | গোষ্ঠ, বক্র |
| খমীর | আর্দ্রদ্রব্য, গোধূমচূর্ণসার, দলিতদ্রব্য লেচী |
| খমদার | বক্রীভূত |
| খয়র | সুখ, মঙ্গল, স্বাস্থ্য |
| খয়রাৎ | দান, বিতরণ |
| খয়রাতী | দেয়দ্রব্য |
| খয়রাফিয়ৎ | সুখী, সুস্থ, মঙ্গল |
| খরগোশ | শশ |
| খরচ | ব্যয় |
| খরবুজ | ফলবিশেষ |
| খরবুজা | তথা |
| খরাব | মন্দ, কুৎসিত |
| খরাবী | মন্দতা |
| খরিতা | পুলিন্দা |
| খরীদ | ক্রয় |
| খরীদা | ক্রীত |
| খরীদার | ক্রেতা, ক্রয়কর্ত্তা, গ্রাহক |
| খরীদগী | দ্রব্যক্রয়, ক্রয়করণ |
| খলল | ব্যাঘাত |
| খলাস | মোচন, স্বাধীন |
| খলিফা | মহারাজ, মল্লশিক্ষক, পাচক, কুক্কুটের যুদ্ধশিক্ষক |
| খসম | পতি, স্বামী |
| খাঁ | উপাধি, পদবী |
| খাক | পৃথিবী, ধূলি, ভস্ম |
| খাকদরখাক | পৃথিবীর মধ্য পৃথিবী |
| খাজাঞ্চী | কোষাধ্যক্ষ |
| খাজানা | রাজস্ব, কর |
| খাঞ্চা | ভোজনপাত্র, উপঢৌকনপাত্র |
| খাতির | অন্তঃকরণ, মনোনীত, সম্ভ্রম, প্রণয় |

| | |
|---|---|
| খাতিখ্বাহ্ | মনোনীত |
| খাতিরজমা | মনস্থির, নিশ্চয়, সন্তোষ, প্রত্যয়, নির্ব্বিঘ্ন |
| খাতিরজমায় | স্থিরতা |
| খাতিরদার | মনোরক্ষক, তুষ্টিজনক, উৎসাহ বর্দ্ধক |
| খাতিরদারী | উৎসাহ, সান্ত্বনা |
| খাতিরনদারৎ | নির্ভয়, নিঃসন্দেহ |
| খাতিরপসন্দ | মনোরঞ্জন |
| খাতের | মর্য্যাদা, আদর |
| খাত্তা | অস্থৈর্য্য, অনাভ্যস্ত, অপ্রস্তুত হওন |
| খাদিম | ভৃত্য, দাস |
| খানপোশ | মঞ্জুষা, পেটক, পেটারা |
| খান্সামা | প্রধানদাস |
| খান্সামাগিরী | প্রধানদাসের কর্ম্ম |
| খানা | মাধ্যাহ্নিক আহার |
| খানাখরচ | আহারার্থব্যয় |
| খানাখারাব | নষ্ট, নিরাশ্রয় |
| খানাখারাবী | উচ্ছিন্নতা, নিরাশ্রয়তা |
| খানাজঙ্গী | দ্বন্দ্ব, যুদ্ধ |
| খানাজাদ | ক্রীতদাস বা দাসীপুত্র |
| খাফা | ক্রুদ্ধ, কুপিত |
| খাম | পত্রাদি বন্ধন, স্তম্ভ, মন্দ, অপক্ক |
| খামখেয়াল | অসম্ভবকল্পনা |
| খামখেয়ালী | অসম্ভব কল্পনাকারী, নির্ব্বোধ |
| খামখ্বা | হঠাৎ, নিষ্কারণ |
| খাবন্দ | কর্ত্তা, প্রভু |
| খারীজ | পৃথক্ করণ |
| খারীজদাখিল | একের স্বত্ব ত্যাগ করিয়া অন্যের স্বত্বোৎপত্তি করা |
| খালাস | মুক্ত |

| | |
|---|---|
| খালাসী | মুক্ততা, নাবিকবিশেষ |
| খালী | শূন্য, কেবল |
| খালীসা | রাজস্বনিশ্চায়কবিশেষ |
| খাঁস | উত্তম, মনোরম |
| খাসআম | সামান্য বিশেষ |
| খাসা | মনোহর, উত্তম |
| খাসিয়ৎ | স্বভাব, অভ্যাস, আচরণ |
| খাসী | খসদেশবাসী, ছিন্নমুষ্ক ছাগাদি |
| খিদমত | পরিচর্য্যা, দাস্যকর্ম্ম |
| খিদমতগার | দাস, পরিচারক, ভৃত্য |
| খিদমতগারী | দাসত্ব, পরিচারকতা |
| খিল্লৎ | সম্ভ্রমসূচকপরিচ্ছদ |
| খুব | অধিক, মনোরম |
| খুবসুরৎ | অতিসুন্দর |
| খুবানি | ফল বিশেষ |
| খুবি | উত্তমতা |
| খুশী | আনন্দ, হর্ষ |
| খুশ্‌কী | পদব্রজে গমন |
| খুশ্‌বক্তি | আনন্দদশা, হর্ষাবস্থা |
| খুশবো | সুগন্ধ |
| খুশমেজাজ | সুস্বভাবী |
| খুন | রক্ত, হত্যা |
| খুনখরাব | হত্যাকর্ম্ম |
| খুনখরাবী | তথা |
| খুনজরী | রক্তপাত |
| খুনাখুনী | হনন, বধ, হত্যা, রক্তপাত |
| খুনী | বধকারী, হত্যাকারী |
| খেআনত | বিশ্বাসঘাতকতা, ক্ষতি |
| খেআলখাম | অসম্ভবকল্পনা |
| খেতাব | পদবী |
| খেয়াল | কল্পনাজনক বুদ্ধি, অনুভব |

| | |
|---|---|
| খেলয়ত্ | সম্ভ্রমসূচকপরিচ্ছদ |
| খেলাপ্ | গত, অতীত, বিপরীত |
| খেসারত | নষ্ট, ত্রুটি, ক্ষতি |
| খেসারতী | ক্ষতিসম্বন্ধি |
| খোআর | দুঃখ, ক্লেশ, কষ্ট |
| খোতবা | পরমেশ্বরের বন্দনা |
| খোদ | স্বয়ং |
| খোদকস্তা | ভূমিবিশেষ |
| খোদা | পরমেশ্বর |
| খোদাই | পরমেশ্বরত্ব |
| খোদাবন্দ | ধর্ম্মাবতার, প্রভু, কর্ত্তা |
| খোনকার | পুরোহিত, জাতিবিশেষ |
| খোয় | স্বভাব, রীতি |
| খোর্ম্মা | খজুর, মিষ্টান্নবিশেষ |
| খোরাক | আহার |
| খোরাকী | আহারীয়, খাদ্য |
| খোশ | আহ্লাদ, আনন্দ, হর্ষ |
| খোশখত | সুন্দর লিখন |
| খোশখবর | সুসমাচার, মঙ্গলসমাচার |
| খোশখবরী | মঙ্গলসূচকপত্রাদি |
| খোশখুরাক | উত্তমআহার |
| খোশখুরাকী | উত্তমদ্রব্যভোক্তা |
| খোশ জবান | উত্তমবাক্য |
| খোশডৌল | সুন্দর গঠন |
| খোশতবা | পরিহাসকারী |
| খোশতবাই | পরিহাস |
| খোশনবীশ | উত্তমলেখক |
| খোশনবীসী | উত্তমলেখকতা |
| খোশনাম | সুখ্যাতি |
| খোশনামী | সুখ্যাত, খ্যাত্যাপন্ন |
| খোশপোশাক | উত্তম পরিচ্ছদ |

| | |
|---|---|
| খোশপোশাকী | উত্তম পরিচ্ছদবিশিষ্ট |
| খোশরজা | সৎস্বভাব, দয়া |
| খোশৰক্ত | উত্তমাবস্থা, সুদশা, ভালসময় |
| খোঁশামদ | আনুগত্য, অনুবৃত্তি |
| খোশামদী | আনুগত্যকারী |
| খোশামদীয়া | তথা |
| খ্বরাক | আহার |
| খ্বরাকী | আহারীয় |
| খ্বাঞ্চা | কাষ্ঠপাত্র, বারকোশ |
| খ্বাব | স্বপ্ন |
| খ্বার | ভস্ম |
| খ্বাহিশ | ইচ্ছা, বাঞ্ছা |
| খ্বাহেশ | ইচ্ছা, বস্ত্রবিশেষ |

। গ।

| | |
|---|---|
| গচগীর | প্রলেপকারী, শক্তগ্রন্থন |
| গচগীরী | শক্তগ্রন্থন, দৃঢ়গ্রন্থন |
| গজব | রাগ, ক্রোধ |
| গদীরা | বিল, সরোবর |
| গম | চিন্তা, ভাবনা, বিষাদ |
| গমখোর | চিন্তাযুক্ত, ভাবিত, বিষন্ন |
| গমখোরী | চিন্তিতত্ব, চিন্তা, বিষাদ |
| গমী | অমঙ্গল, শোক |
| গয়ের | ব্যতিরেকে, বিনা |
| গয়েরআদালত | বিনাবিচার, অবিচার |
| গয়েরআসল | মূলরহিত |
| গয়েরইনসাফ | অবিচার |
| গয়েরকবূল | অস্বীকার, অনঙ্গীকার |
| গয়েরজমাই | সঞ্চিত রহিত |
| গয়েরজানবী | অপরিচিত, অজ্ঞাত |
| গয়েরজানিব | তথা |

| | |
|---|---|
| গয়েরতকসীর | নিরপরাধ, নির্দোষ |
| গয়েরতজবীজ | অবিচার |
| গয়েরতদবীর | অয়ত্ন, অমনোযোগ, শৈথিল্য |
| গয়েরৎ | ঈর্ষা, দ্বেষ |
| গয়েরপসন্দ | অমনোনীত, |
| গয়েরমতলব | অভিপ্রায়বিনা |
| গয়েরমনকুলা | স্থাবর বিষয় |
| গয়েরবক্ত | অসময়, কুসময় |
| গয়েরবাজিবী | অযথার্থ, অনুচিত |
| গয়েরহক | তথা |
| গয়েরহাজীর | অনুপস্থিত, অনাগত |
| গরক | মগ্ন হওয়া, নষ্ট হওয়া |
| গরজ | আবশ্যক, আগ্রহ, ইচ্ছা, বাসনা |
| গরজদার | আগ্রহকারী, ইচ্ছুক |
| গরম | উগ্র, তপ্ত, উষ্ম |
| গরমপোশ | উষ্ণচুপি |
| গরম মেজাজ | উগ্রস্বভাব |
| গরমী | গ্রীষ্ম, উত্তাপ |
| গরীক | আগ্রহকারী, ইচ্ছুক |
| গরীব | অদ্ভুত, দরিদ্র, নম্র |
| গরীবনোআজ | দীনদয়ালু, অতিথিসেবা |
| গরীবপরবর | দীনপ্রতিপালক |
| গরীবানা | দরিদ্রতা, দুঃখিতা |
| গরীবী | তথা |
| গর্দখোর | বস্ত্রবিশেষ, অপবিত্র |
| গর্দন | গ্রীবা, ঘাড় |
| গর্দনী | গলহস্ত |
| গর্দ্দা | ধূলি |
| গর্দ্দান | শব্দরূপকরণ, ধাতুসাধন |
| গর্দীশ | প্রদক্ষিণ, বিপত্ |
| গলত্ | অশুদ্ধ, ভ্রান্তি, ভুল |

| | |
|---|---|
| গলবা | আক্রমণ, প্রবলতা |
| গলীজ | অপবিত্র, পচা |
| গল্লা | শস্য, আটি |
| গৱাহ্ | সাক্ষী, নিদর্শন |
| গৱাহী | সাক্ষিত্ব, সাক্ষ্য |
| গশ্ত্ | পর্য্যটন, ভ্রমণ |
| গাএব | অদৃশ্য, অদৃষ্টিগোচর |
| গাফিল | অমনোযোগী, অচেতন |
| গাফিলী | অমনোযোগ, অচৈতন্য |
| গারত | নষ্ট, লুঠ |
| গালিচা | স্বনামখ্যাত আসন |
| গালিব | প্রবল |
| গালেব | শত্রু, ধূর্ত্ত |
| গির্দা | চক্রাকার উপধান |
| গিলা | গ্লানি, নিন্দা |
| গিলাগুজার | নিন্দাকর, গ্লানিসূচক |
| গিলাপ | আচ্ছাদনবস্ত্র, গাত্রবস্ত্র |
| গিলিম | আসনবিশেষ, কম্বল |
| গুজয়াফ্ | রব, জনরব, কিম্বদন্তী |
| গুজর | কালক্ষেপ |
| গুজরৎ | দ্বারা |
| গুজরান | দিনপাত, নির্ব্বাহ, অবলম্বন |
| গুজশ্তা | গত, অতীত, অতিক্রান্ত, পূর্ব্বরীতি মত |
| গুজারা | পারঘাট |
| গুঞ্জাইশ | সম্ভোষ্য, প্রবেশ, ধরণ |
| গুনাহ্ | দোষ, পাপ, অপরাধ |
| গুনাহ্গার | পাপী, দোষী, অপরাধী, দণ্ডযোগ্য |
| গুনাহ্গারী | দণ্ড |
| গুম্ | গুপ্ত, সম্বরণ |
| গুল্অনার | দাড়িম্বপুষ্প |

| | |
|---|---|
| গুল্‌আবাস | কৃষ্ণকেলি বৃক্ষ |
| গুল্‌আশরফী | পুষ্পবিশেষ |
| গুল্‌কন্দ | শর্করাসহ পক্ক গোলাবপুষ্প |
| গুল্‌তরাশ | কর্ত্তনী, কাঁইচী |
| গুল্‌দাউদী | চন্দ্রমল্লিকা |
| গুল্‌নরগিশ্‌ | পুষ্পবিশেষ |
| গুল্‌ফিরঙ্গী | তথা |
| গুলমক্‌মল | তথা |
| গুল্‌মিন্দী | দোপাটিপুষ্প |
| গুল্‌শক্কর | শর্করামিশ্রিত মোদক |
| গুল্‌সব্বো | রজনীগন্ধবৃক্ষ |
| গুলাচীন | পুষ্পবিশেষ |
| গুলিস্তান | পুষ্পোদ্যান, উপবন |
| গের্দ | গোলাকার, ভ্রমণ |
| গের্দ্‌ৰার | স্থানপাল, পথরক্ষার্থ রাজপুরুষ |
| গের্দ্‌ৰারী | স্থানপালের কর্ম্ম |
| গোএন্দা | গূঢ় দূত, অনুসন্ধাতা |
| গোএন্দাগিরি | গূঢ়দূতের কর্ম্ম |
| গোতা | জলাবগাহন, ডুব, জলেমগ্ন হওন |
| গোমান | সন্দেহ, অহঙ্কার, অনুভব |
| গোমানী | সন্দিগ্ধ, অহঙ্কৃত |
| গোমাশ্‌তা | কর্ম্মকারী, প্রেরিতব্যক্তি, প্রতিনিধি |
| গোম্বজ | খীলান, দুর্গোপরি যুদ্ধস্থল, মন্দিরের উপরিভাগ |
| গোরবা | আগন্তুক, দীন, বিড়াল |
| গোরস্তান | মৃতশরীরের খননস্থান |
| গোলন্‌দাজ | অগ্নিযন্ত্র ব্যবসায়ী, গোলাপ্রক্ষেপক |
| গোলন্‌দাজী | অগ্নিযন্ত্র ব্যবসায়িত্ব, গোলাপ্রক্ষেপকত্ব |
| গোলাব | স্বনামখ্যাত পুষ্প |
| গোলাবী | তৎপুষ্পসম্বন্ধীয় |

| | |
|---|---|
| গোশগোজার | কর্ণগোচর, শ্রবণবিষয় |
| গোশ্ত | মাংস |
| গোশ্মালী | কাণুটী |
| গোশ্ল | স্নান |
| গোসা | ক্রোধ, কোপ, রাগ |
| গৌর | ধ্যান, চিন্তা, ভাবনা |
| চমন | পুষ্প বাটিকার কেয়ারি |
| চর্মিনাক্রোশ | চর্ম্মব্যবসায়ী |
| চরব | চতুর, চালাক |
| চরবী | বশা, মেদ |
| চরবীদার | মাংসল, মেদস্বী |
| চশম্ | চক্ষুঃ, আশা, ভরোসা |
| চশমখোর | চক্ষুর্লজ্জারহিত |
| চশমখোরী | চক্ষুর্লজ্জারাহিত্য |
| চশমা | দিব্য চক্ষু, জলনিঃসরণ, উপনেত্র |
| চাকর | ভৃত্য, দাস |
| চাকরাণ | বেতন ভূমি |
| চাকরানা | দাসত্ব, ভৃত্যত্ব |
| চাকরি | দাসত্ব, ভৃত্যত্ব |
| চাদর | উত্তরাসঙ্গ, প্রচ্ছদপট |
| চাবুকসবার | অশ্বারোহী, নিষাদী |
| চাবুকসবারী | অশ্বারূঢ়তা |
| চিরাগ | প্রদীপ, দীপ |
| চিরাগদান | দীপাধার |
| চিহারা | মূর্ত্তি, আকার |
| চীজ | দ্রব্য, বস্তু |
| চোবচিনি | স্বনামখ্যাত ঔষধিবিশেষ |
| চোবদার | দণ্ডবাহক, পদাতিকবিশেষ |
| চোবুতরা | চিলা, প্রাসাদোপরিভাগ |
| চৌগান | কন্দুকক্রীড়া, ভাঁটা খেলা |
| জওজা | পত্নী, বনিতা |

| | |
|---|---|
| জকাৎ | রাজস্ব, কর |
| জকাতী | রাজকরগ্রাহক |
| জখম | আঘাত, ক্ষত |
| জখমী | আঘাতী, ক্ষতযুক্ত |
| জনানা | স্ত্রীলোক |
| জবর | উচ্চ, উপর, প্রবল, পারসীয়স্বর যাহাতে অর্দ্ধ আকার বা সম্পূর্ণ আকার উচ্চারণ হয় |
| জবরদস্ত | প্রবল, বলবান্ |
| জবরদস্তী | দৌরাত্ম্য, অন্যায়, প্রবলতা |
| জবাব | উত্তর, প্রতিবচন |
| জবাবলজবাব | উত্তরের উত্তর, প্রত্যুত্তর |
| জবাবদেহ্ | উত্তরদাতা, উত্তরকর্ত্তা |
| জবাবদিহী | উত্তরদেওন, উত্তরকরণ |
| জমা | স্থিত |
| জমাখরচ | স্থিতব্যয় |
| জমাবন্দী | করস্থিরকরণ |
| জমী | ভূমি, ক্ষেত্র |
| জমীদার | ভূম্যধিকারী, ক্ষেত্রস্বামী |
| জমীদারী | ভূম্যধিকারিত্ব |
| জমীন | ভূমি |
| জর | স্বর্ণ, ধন, অর্থ |
| জরদ | পীতবর্ণ |
| জরফ | বুদ্ধি, বাসন |
| জরী | স্বর্ণাদির সূত্র |
| জরীপ | ভূম্যাদির পরিমাণ |
| জরীমানা | অর্থদণ্ড, ধনদণ্ড |
| জরুর | আবশ্যক |
| জরুরী | আবশ্যকতা |
| জরুরৎ | তথা |
| জর্দার | ধনী, ধনবান্ |

| | |
|---|---|
| জর্দী | পীতবর্ণ |
| জলূস | উচ্চপদপ্রাপ্তি, সভা, সিংহাসন প্রাপ্তি |
| জলূসী | উচ্চপদসম্বন্ধীয়, সভ্য, শোভা |
| জল্দ | শীঘ্র, ত্বরা |
| জল্দবাজ | শীঘ্রকারী, সত্বর, উতলা, ব্যস্ত |
| জল্দবাজী | শীঘ্র কর্ম্মকারিত্ব |
| জল্দী | শীঘ্র, দ্রুত, ত্বরিত |
| জল্লাদ | দুষ্ট, হন্তা, হিংসক |
| জল্লাদী | দুষ্টতা, হিংসকতা, হন্তৃতা |
| জশন্ | আনন্দ, হর্ষ |
| জশন্দার | আনন্দজনক, হর্ষোৎপাদক |
| জহর | বিষ, হালাহল |
| জহরমোহরা | বিষপ্রস্তর, বিষপাতর |
| জহরফ্রোশ | বিষব্যবসায়ী |
| জহুরা | প্রকাশ |
| জাইগীর | বৃত্তিভূমি |
| জাইগীরদার | বৃত্তিভূমিভোগী |
| জাইগীরদারী | বৃত্তিভূমিভোগিত্ব |
| জাযদাদ | বিষয়, ভূমি, বৃক্ষ, উদ্যানাদি |
| জাএজ | প্রকৃত |
| জানিব | পরিচিত, পক্ষ, সম্পর্কীয় |
| জানিবদার | পোষক, পক্ষ, সম্পর্কীয়ব্যক্তি |
| জানিবদারি | পোষকতা, সপক্ষতা |
| জাফরান | হরিদ্রাবিশেষ |
| জাবেতা | রীতি, ধারা |
| জামিন | প্রতিভূ, লগ্নক |
| জামিনদার | তথা |
| জামিনদারী | প্রাতিভাব্য, প্রতিভূর কর্ম্ম বা ভাব |
| জামিনী | প্রতিভূত্ব |
| জায় | স্থান |
| জায়গা | স্থান |

| | |
|---|---|
| জারী | চলিত, প্রকাশ |
| জাল | কৃত্রিম, মিথ্যা |
| জালিম | ধূর্ত্ত, খল, দুরাত্মা |
| জাসূ | চার, চর |
| জাসূস | তথা |
| জাহাজ | সমুদ্রীয়নৌকা, সাগরযান, অর্ণবপোত |
| জাহাজী | সমুদ্রীয় নৌকা সম্বন্ধি |
| জাহির | প্রকাশ |
| জাহিরা | প্রকাশরূপে |
| জিআদত্ | বাহুল্য |
| জিআদা | অধিক |
| জিগর | মন, হৃৎপদ্ম |
| জিগা | কিরীট |
| জিঞ্জীর | শৃঙ্খলা, শিকল |
| জিদ্ | বাধা, প্রতিজ্ঞা |
| জিন্দা | জীবিত |
| জির্নাশ | দ্রব্য, বস্তু |
| জিবাইশ | সৌন্দর্য্য |
| জিম্মা | নিক্ষেপ, গচ্ছিত |
| জিম্মে | তথা |
| জিলা | প্রদেশ |
| জিলাদার | প্রদেশের শাসনকর্ত্তা |
| জিলাদারী | প্রদেশ শাসনকর্তৃত্ব |
| জিলাবন্দি | প্রদেশের রীতি স্থাপন |
| জিলাপ | সঙ্গিলোক, ধাবক, দূত, ঘোষক |
| জিলদ | পুস্তকবন্ধনকরণ |
| জিল্দগর | পুস্তকবদ্ধকারী |
| জিল্লা | শোভা, চাকচিক্য |
| জিল্লাদার | শোভাবিশিষ্ট |
| জীন | অশ্বপৃষ্ঠাসন |
| জুল্ফ | কাকপক্ষ |

| | |
|---|---|
| জুলম্ | বলাৎকার, দৌরাত্ম্য |
| জুলমানা | তথা |
| . জুলাফা | ঔষধিবিশেষ |
| জুদা | পৃথক্, স্বতন্ত্র |
| জেওরাৎ | অলঙ্কার, ভূষণ, ভূষা |
| জেকর | উদ্দেশ, কথোপকথন, আলাপ |
| জেকরমজকুর | জল্পনা, উদ্দেশ, আলাপ |
| জেব | অঙ্গরক্ষকের বগলি |
| জেবৎ | হরণ, অধীনকরণ |
| জের | পূর্ব্বাঙ্কের সহিত পরাঙ্কের গণনা বা মিলন, নিম্ন, নীচ |
| জেরদস্ত | অধীন, দীন |
| জেরবন্দ | কটিবস্ত্র |
| .জেরবার | বিরক্ত, উত্ত্যক্ত, দুর্দশাগ্রস্ত |
| জেরম্বাদ | ঔষধিবিশেষ |
| জেহেলখানা | কারাগার |
| জোআহর | রত্ন, মণিমুক্তাদি |
| জোআহরী | রত্নব্যবসায়ী, মণিমুক্তাদি ব্যবসায় কারী |
| জোনাব | চরণ |
| জোবান | বাক্য, কথা, জিহ্বা |
| জোবানদরাজ | দুর্ম্মুখ, কটুভাষী, কটুবাদী |
| জোবানদরাজী | দুর্ম্মুখতা, কটুভাষিত্ব, কটুবাদিত্ব |
| জোবানবন্দী | সাক্ষিবাক্য, |
| জোর | বল, শক্তি, সামর্থ্য |
| জোরজোলম | দৌরাত্ম্য, দুর্ব্বৃত্ততা |
| জোরাৱার | শক্তিমান্, বলবান্ |
| জোরাৱর | তথা |
| জোরাৱরী | শক্তি, বল, সামর্থ্য |
| জোলা | যবনতন্ত্রবায় |
| জোলাব | ভেদকৌষধ, রেচকদ্রব্য |

| | |
|---|---|
| জোশ | ক্রোধরূপ রিপু |
| জৌহরী | বহুমূল্য প্রস্তর ব্যবসায়ী |
| | মণিমুক্তাদি ব্যবসায়কারী |

। ত।

| | |
|---|---|
| তংখা | বেতন, ভৃতি |
| তংখাদার | বৈতনিক, ভৃতিভুক্ |
| তঅজ্জুব | আশ্চর্য্য, বিস্ময় |
| তইনাত | নিয়োজন, আজ্ঞা, কর্ম্ম |
| তইনাতী | নিযুক্ত |
| তকবীয়ৎ | বল, সামর্থ্য |
| তকাবী | অগ্রবেতন, অগ্রেমূল্য, অগ্রে রাজস্ব |
| তকিআ | বৃহৎ উপধান, ভরসা |
| তকিঃ | বিবেচনা, নিরূপণ, নিশ্চয় |
| তক্ত | সিংহাসন, রাজাসন |
| তক্তপোষ | কাষ্ঠাসন |
| তক্তরমা | উত্তমযান |
| তক্তা | ফলক |
| তক্তি | কাষ্ঠনির্ম্মিত লেখনাধার |
| তকরার | বিরোধ, বাদানুবাদ |
| তকরারকুনেন্দা | বিরোধী, বাদানুবাদকারী.বিতণ্ডাবাদী |
| তকলীফ | দুঃখ, শ্রম, কাঠিন্য |
| তক্সীর | অপরাধ, দোষ |
| তকসীরবার | অপরাধী, দোষী |
| তখলক | প্রতারণা, প্রবঞ্চনা |
| তখলকী | প্রতারিত |
| তখলফি | দুঃখিত, পরিশ্রান্ত, অন্যায্য, অন্যথা |
| তগীর | কর্ম্মচ্যুত |
| তজলজল | কম্পিত |
| তজবীজ | বিচার, পরীক্ষা |

| | |
|---|---|
| তদারক | স্বরূপনির্ণয় |
| তনখা | বেতন, ভৃতি |
| তপাচা | আঘাত, চপেটাঘাত |
| তফাৎত | পৃথক্, দূর |
| তফরীক | পার্থক্য, পৃথক্ |
| তফশীল | তথা, অর্থপ্রকাশ, বিবরণ |
| তবই | স্বভাব, বিদ্যারস |
| তবক | ইতিহাস |
| তবকী | সৈন্যগণের শ্রেণীরূপেস্থিতি |
| তবক | পরাধীন, বিশ্বাস, ভরসা |
| তবল | জয়ঢক্কা |
| তবলক | তথা |
| তবলা | কটাহ, বাদ্যবিশেষ |
| তবা | তাম্র, বা পিত্তল, বা লৌহনির্ম্মিতবস্তু |
| তবাক | তাম্রনির্ম্মিত বাসন |
| তবাহী | দুঃখ, নষ্ট, অধর্ম্ম |
| তবীয়ত | মানসিক বা শারীরিকঅবস্থা বিশেষ |
| তমসুক | লেখ্য, ঋণপত্র |
| তমসা | চর্ম্মপটী |
| তমহিদ | বিস্তারবর্ণনা |
| তমা | গৌরব, লালসা |
| তমামী | সম্পূর্ণ, সকল |
| তম্বী | শাসন, ভৎর্সন |
| তরকশ | তূণ |
| তরকশী | তূণধারী |
| তরজমা | অনুবাদ, ভাষান্তর |
| তরজমাকুনেন্দা | অনুবাদকর্ত্তা, ভাষান্তরকর্ত্তা |
| তরদদ | আকিঞ্চন, পরিশ্রম |
| তরফ | পক্ষ, সহায়, পার্শ্ব |
| তরফদার | পক্ষীয়, সহায় |

| | |
|---|---|
| তরফদারী | পক্ষপাত |
| তরবুজ, তরমুজ | স্বনামখ্যাতফল |
| তরমদান | বস্ত্রবিশেষ |
| তরবিয়ত | শিক্ষা |
| তরহ্ | প্রকার,রীতি |
| তরীক | রীতি, ব্যবস্থা, ব্যবহার |
| তলব | আহ্বান, বেতন, তীক্ষ্ণ |
| তলাস | অন্বেষণ, অনুসন্ধান, উদ্দেশ |
| তলাসী | অন্বেষণীয়, উদ্দেশ্য |
| তৰাক্কা | আশা, ভরসা |
| তৰাজ | শিষ্টাচার, নম্রতা, মনোযোগ |
| তশবীহ্ | দৃষ্টান্ত |
| তস্‌দী | দুঃখ, যাতনা |
| তসবীর | ছবি, প্রতিমূর্ত্তি |
| তসরুফাত্ | ক্ষতিসমূহ, অপচয়সমূহ, ব্যয়জাত |
| তসরি | যবন ভবিষ্যদ্বক্তার নিয়মবিশেষ |
| তহ্ | ভাঁজ, পরতা |
| তহ্কীক | বিবেচনা, পরীক্ষা |
| তহ্খানা | মৃত্তিকামধ্যস্থগৃহ |
| তহ্ফা | উপযুক্ত |
| তহ্বীল | সঞ্চিতধন, ধনাগার |
| তহ্বীলদার | সঞ্চিতধনাধ্যক্ষ, ধন বা ধনাগাররক্ষক |
| তহ্মত | অপবাদ, পরিবাদ |
| তহ্মত্দেহন্দা | অপবাদদায়ক, পরিবাদকারক |
| তহ্সীল | লাভ, লব্ধদ্রব্য, রাজস্ব আহরণ |
| তহ্সীলদার | রাজস্ব সংগ্রাহক |
| তহ্সীলদারী | রাজস্ব সংগ্রহকর্তৃত্ব |
| তা | পর্য্যন্ত |
| তাইন | নিয়োজন |
| তাকত | শক্তি, সামর্থ্য |
| তাকাবী | আগামীদেওন, অগ্রেদেয় |

| | |
|---|---|
| তাকিদ | ত্বরা, শীঘ্রতা |
| তাকীদগীর | ত্বরাকারী |
| তাজ | শিরস্ত্রাণ, মুকুট, টুপী |
| তাজ্জব | আশ্চর্য্য, অদ্ভুত, বিস্ময় |
| তাজ্জর | মহাজন, উত্তমর্ণ |
| তাবীজ | ভূষণবিশেষ, মাদুলি |
| তাবে | অধীন, আয়ত্ত |
| তাবেদার | তথা |
| তাবেদারী | অধীনতা |
| তামাম | সমস্ত, সমুদয় |
| তামাশা | কৌতুক, আশ্চর্য্যদর্শন |
| তামাশাগীর | কৌতুকদর্শী, কৌতুকদর্শনেচ্ছু |
| তায়দাদ | প্রত্যেকগণনা, সংখ্যা |
| তায়ফা | দল, সম্প্রদায় |
| তারিখ | দিন, দিবস |
| তারিফ | প্রশংসা, সুখ্যাতি |
| তালাক | ত্যাজ্য, শপথ |
| তালাকানামা | শপথপত্র |
| তালিকা | নির্ণয় প্রকাশিত, স্থগিত, পারসীয় লিখনবিশেষ, গণনা |
| তালিম | গুণবান, সুশিক্ষিত, বিজ্ঞ |
| তালুক | ভূম্যাদিবিষয় |
| তালুকদার | ভূম্যধিকারী, ভৌমিক |
| তালুকদারি | ভূম্যধিকারিত্ব, ভৌমিকত্ব |
| তালেবর | ভাগ্যবান, ধনী, তেজস্বী |
| তাহুত | চিকিৎসা, নিশ্চিত রাজকর |
| তাহুতখানা | চিকিৎসালয় |
| তুতী | শুকপক্ষী |
| তুফান | প্রচণ্ডবায়ু, ঝড়, আঁধি |
| তুফানি | ঝড়, আঁধি, বিরোধ প্রিয়ব্যক্তি |
| তুফানিয়া | অপবাদক, পরিবাদদায়ক |

| | |
|---|---|
| তুফানী | ঝড়, আঁধি, বিরোধপ্রিয়ব্যক্তি |
| তুম্‌তরাক | ঐশ্বর্য্য,দর্প, জাঁকজমক |
| তুম্‌তরাকী | ঐশ্বর্য্যশালী, দর্পী |
| তুরঞ্জবীন | বণিক্‌দ্রব্য |
| তুরুক | তুরুস্ক দেশীয়লোক |
| তুরুকসবার | অশ্বারূঢ় |
| তুরুকসবারী | অশ্বারূঢ়তা |
| তেজারত | বাণিজ্য |
| তেজারতী | বাণিজ্যক্রিয়া |
| তেতম্বা | শোধনপত্র |
| তেব | ঔষধিবিদ্যা |
| তোখম | শাকাদির বীজ |
| তোখমেকতান | বীজবিশেষ |
| তোখমেরেহান | পুষ্প বীজবিশেষ |
| তোপ | অগ্নিযন্ত্র |
| তোপখানা | অগ্নিযন্ত্রস্থান |
| তোপচী | অগ্নিযন্ত্রনির্ব্বাহক |
| তোবা | খেদবাক্য, ধর্ম্মপক্ষে চিত্তাকর্ষণ |
| তোরফাএন | উভয়পক্ষ |
| তোর্রা | পুষ্পস্তবক |
| তোশক | শয্যাবিশেষ |
| তোষদান | বারুদাধার |
| তোষাখানা | খাদ্যবস্তুরগৃহ, ভাণ্ডারবিশেষ |

। দ ।

| | |
|---|---|
| দখল | অধিকার, উপদ্রব |
| দখলী | অধিকৃত ভূম্যাদি |
| দখিলকার | অধিকারী |
| দগা | বিশ্বাসঘাতকতা |
| দগাদার | বিশ্বাঘাতক |
| দগাদারী | বিশ্বাসঘাতকতা |

| | |
|---|---|
| দগাবাজ | বিশ্বাসঘাতক, রাজদ্রোহী |
| দগাবাজী | বিশ্বাসঘাতকতা |
| দঙ্গা | বিবাদ, মারিপিট |
| দঙ্গাবাজ | বিবাদী, কলহকারী |
| দফা | সময়, বার |
| দফাওয়ারি | বারবার |
| দফাদফা | তথা |
| দফাদার | কর্ম্মকর্ত্তা, পরিদর্শক, তত্ত্বাবধারক |
| দফাদারী | তথা পুনর্ব্বার |
| দফ্তর | লিপিজাত, লিপিসমূহ |
| দফ্তরখানা | লিপিজাতাগার |
| দফ্তরী | লেখকসহায়, লেখকের সাহায্য করে যে |
| দবদবা | প্রতাপ, শাসন, ঐশ্বর্য্য |
| দম | নিশ্বাস, প্রবঞ্চনা |
| দমক | তথা |
| দমকশ | নিশ্বাসাকর্ষণশীল, কুম্ভককারী |
| দমকশী | তথা নিশ্বাস টানন |
| দমবাজ | মিথ্যাবাদী |
| দরকার | আবশ্যক, প্রয়োজন |
| দরকারী | প্রয়োজনার্হ, প্রয়োজনীয়, আবশ্যক |
| দরখ্ৎ | বৃক্ষ |
| দরখ্বাস্ত | ভাষাপত্র, প্রতিজ্ঞাপত্র, পক্ষপত্র, আবেদনপত্র |
| দরগুজর | অপরাধক্ষমা |
| দরজবাব | প্রত্যুত্তর |
| দরজা | ক্রম, পদ, স্থান |
| দরজী | বস্ত্রসীবক |
| দরদ | দেনা, যাতনা |
| দরদমন্দ | ব্যথার ব্যথিত, প্রিয় |
| দরদমন্দী | যাতনা, ব্যথিতত্ব |

| | |
|---|---|
| দরদী | ব্যথিত, পীড়িত |
| দরপেশ | গোচর, উপস্থিত |
| দরবার | রাজসভা |
| দরবারী | সভাস্থ, সভ্য |
| দরবেশ | যবনযোগী, দুঃখী, দীন |
| দরমাহা | বেতন, ভৃতি, মাসিকবেতন |
| দরমাহী | তথা বৈতনিক, বেতনভুক্ |
| দরমিয়ান | মধ্য, মধ্যকাল |
| দররোজ | প্রত্যহ, প্রতিদিন |
| দরৰাজা | দ্বার, দুয়ার |
| দরৰান | দ্বারপাল, দ্বারী, প্রতীহার |
| দরৰানী | দ্বারপালকতা, দ্বারপালের কর্ম্ম |
| দরাজ | প্রশস্ত, আয়ত, দীর্ঘ |
| দরিয়া | নদী, সমুদ্র, গর্ত্ত |
| দরিয়াফ্ত | জ্ঞান, বিবেচনা |
| দরীয়াই | সমুদ্রজাত |
| দরীয়াইআসফ | সমুদ্রীয়অশ্ব |
| দরুণ | ভিতর, মধ্য, চিহ্নিত |
| দরোবস্ত | সমুদয় |
| দলীয়া | বাদ্যবিশেষ, বিতর্ক |
| দলীল | প্রমাণ |
| দল্লাল | ক্রয়বিক্রয়ের ঘটক |
| দল্লালী | ক্রয়বিক্রয় ঘটকের কর্ম্ম<br>এতৎকর্ম্মের মূল্য, ঘটকালী |
| দৰাৎ | মস্যাধার |
| দস্ত | অধীন, হস্ত |
| দস্তইয়াব | হস্তগত |
| দস্তক | আজ্ঞাবিশেষ |
| দস্তখৎ | স্বাক্ষর |
| দস্তবরদার | ক্ষান্ত, বিরত, নিবৃত্ত |
| দস্তবরদারী | ক্ষান্ততা, নিবৃত্তি |

| | |
|---|---|
| দস্তানা | হস্তাবরক বস্ত্রবিশেষ |
| দস্তাবেজ | লিখিত প্রমাণ |
| দস্তুর | রীতি, ধারা |
| দহ্‌লীজ | দ্বারের বারাণ্ডা |
| দাওয়া | প্রাপ্য, স্বত্বাশ্রয়, ঔষধি |
| দায়া | ধাত্রী, স্তন্যদাত্রী |
| দাখিল | উপস্থিত |
| দাখিলা | প্রাপ্তিসূচকপত্র |
| দাগা | বিশ্বাসঘাতকতা |
| দাগাবাজ | বিশ্বাসঘাতক |
| দাদ | বিচার |
| দাদকানি | তণ্ডুলবিশেষ |
| দাদগোস্ত্রা | হে বিচারকর্ত্তা |
| দাদন | অগ্রেদান বা অর্পণ, দেওন |
| দাদনী | সমর্পিত, আগামী দেওয়া |
| দাদনদার | অগ্রেধন গ্রহীতা |
| দানা | জ্ঞানী |
| দাবী | প্রাপ্য, পাওনা |
| দাবীদার | যাহার প্রাপ্য হয় |
| দারোগা | রাজকর্ম্মকারকবিশেষ |
| দালান | প্রাসাদ, কোঠা |
| দিক্ | বিরক্ত, পৃথিবীর অংশ |
| দিক্‌দার | বিরক্ত, ব্যাকুল |
| দিক্‌দারী | বৈরক্ত্য, বিরক্ততা |
| দিগর | প্রভৃতি, অন্য, দ্বিতীয় |
| দুনিয়া | জগৎ |
| দুনিয়াদার | জগৎসম্বন্ধি, সংসারী |
| দুনিয়াদারি | জগৎসম্বন্ধিত্ব |
| দুলিচা | আসনবিশেষ |
| দুলিন | নব বিবাহিতা, নবোঢ়া |
| দুলহীন | তথা |

| | |
|---|---|
| দুল্দুল | হুসেননামক ব্যক্তির অশ্ব |
| দুশমন | শত্রু, অরি, বিপক্ষ |
| দুশমনী | শত্রুতা, বৈরিতা, বিপক্ষতা |
| দেআনত্ | সারল্য, সরলতা |
| দেআনদ্দার | বিশ্বাসী, প্রত্যয়ী |
| দেআনদ্দারি | বিশ্বাস |
| দেমাগ | অহঙ্কার, গর্ব্ব |
| দেমাগী | অহঙ্কারী, গর্ব্বী |
| দের | বিলম্ব |
| দেরি | তথা |
| দেরিঙ্গ | বিলম্ব |
| দেল | অন্তঃকরণ, হৃদয় |
| দেলগীর | বিষণ্ন, অহৃষ্ট |
| দেলগিরী | বিষাদ, নিরানন্দতা |
| দেল্দার | প্রশস্তমনা, উদারচরিত্র, প্রিয়বন্ধু |
| দেলদিহী | অন্তঃকরণার্পণ |
| দেলাসা | উৎসাহ, সান্ত্বনা |
| দেৱান | রাজাদিরপাত্র |
| দেৱানী | পাত্রত্ব |
| দেৱানীআদালত | অর্থবাদ বিচারস্থান |
| দেৱানখানা | পাত্রের কর্ম্মস্থান |
| দেস্তা | সংখ্যা অর্থাৎ দ্বাদশপত্র, বস্ত্রেরসূত্র সরণ |
| দোআ | আশীর্ব্বাদ |
| দোআত | মস্যাধার |
| দোকান | আপণ, ক্ষুদ্রবাণিজ্যালয় |
| দোকানদার | আপণী, আপণকর্ত্তা, ক্ষুদ্রবাণিজ্যকারী |
| দোকানদারী | আপণত্ব |
| দোকানী | আপণকারক |
| দোখতর | কন্যা, দুহিতা |

| | |
|---|---|
| দোজখ | নরক |
| দোস্ত | বন্ধু, সখা |
| দোস্তী | বন্ধুতা, সখ্যভাব |
| দোস্তালী | তথা |
| দোস্‌দার | সখা, মিত্র, বন্ধু |
| দোস্‌দারী | মিত্রতা, বন্ধুতা |
| দৌলত | সম্পত্তি, বিভব |
| দৌলতখানা | ধনাগার, সম্পত্তির স্থান |
| দৌলৎমন্দ | সম্পত্তিমান্‌, ধনী, সম্পন্ন |

। ন।

| | |
|---|---|
| নওবত্ত | আনন্দবাদ্য, সময় |
| নওবৎখানা | আনন্দবাদ্য স্থান |
| নওম্মেদ | নিরাশা, আশাহীন, প্রত্যাশারহিত |
| নকদ | বর্ত্তমানমুদ্রা, প্রস্তুত মুদ্রা |
| নকল | প্রতিলিপি, সাদৃশ্য, গমন |
| নকলনবীশ | প্রতিলিপিকারী |
| নকলনবীশী | প্রতিলিপিকারিত্ব |
| নকলবরদার | প্রতিলিপিকারী |
| নকলবয়ান | প্রতিলিপি পাঠ |
| নকশবন্দ | ভিক্ষার্থে রাত্রিতে দীপধারী যবন যাচক |
